



উদ্যান উন্নয়ন বিভাগ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৯৫৫৬৯৪২, ৯৫৫২৭৩২, ফ্যাক্স নং-৯৫৬৭৯৫৮
E-mail : badchort @ yahoo.com.

স্মারক নং-০১২.২৮৩.০০৭.০০.০০.২৩০.২০১১-১৭৪(১২)

তারিখ : ০৬-০৯-২০১২

বরাবর

- ১। যুগ্ম-পরিচালক (উদ্যান)
উদ্যান উন্নয়ন কেন্দ্র, কাশিমপুর/রাজশাহী/পটিয়া/যশোর।
- ২। উপ-পরিচালক (উদ্যান)
উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুমিল্লা/টাঙ্গাইল/মুন্সিগাছা/বগুড়া/কুষ্টিয়া।

বিষয় : ২০১২-১৩ সালের নারিকেল চারা উৎপাদনের লক্ষ্যে নারিকেল বীজ ক্রয় এবং উৎপাদিত নারিকেল চারার বিক্রয় দর অনুমোদন।

সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্পের আওতায় ৯ (নয়) টি, উদ্যান উন্নয়ন কেন্দ্রে ২০১২-১৩ অর্থ বছরে মানসম্পন্ন নারিকেল চারা উৎপাদনের উদ্দেশ্যে নারিকেল বীজ ক্রয় এবং উৎপাদিত নারিকেল চারার বিক্রয় দর গত ০৩-০৯-২০১২ তারিখে অনুষ্ঠিত “ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি”র সভায় অনুমোদিত হয়েছে। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্তসমূহ :

- ক) সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন প্রকল্প এবং এএসসি বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১২-১৩ বর্ষে উদ্যান উন্নয়ন প্রকল্পের জন্য ২,৫০,০০০ টি এবং এএসসি কর্মসূচির জন্য ১,৬০,০০০ টি মোট ৪,১০,০০০ টি নারিকেল বীজ সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো।
- খ) ২০১২-১৩ সালে প্রতিটি নারিকেল বীজের ক্রয় মূল্য কেন্দ্র পর্যন্ত পৌঁছানোর লোডিং, আনলোডিং ও পরিবহন খরচ সহ ২৩.০০ (তেইশ) টাকা এবং উৎপাদিত প্রতিটি নারিকেল চারার বিক্রয়মূল্য ৩৭.০০ (সাতত্রিশ) টাকা এবং পাহাড়ী এলাকার জন্য প্রতিটি নারিকেল চারার বিক্রয়মূল্য ৩৬.০০ (ছত্রিশ) টাকা নির্ধারণ করা হলো।
- গ) মানসম্পন্ন নারিকেল বীজ ক্রয় এবং ৭৫% বিক্রয়যোগ্য চারা উৎপাদনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়গুলো পালন বাধ্যতামূলক করা হলো :
 - i) নারিকেল বীজের পরিধি ১৮''- ২২'' (৪৬-৫৬ সেঃ মিঃ) হতে হবে।
 - ii) নারিকেল এর আকার গোলাকৃতি হতে ডিম্বাকৃতি হতে হবে।
 - iii) নারিকেল বীজের ভিতরে পর্যাপ্ত পানি থাকতে হবে।
 - iv) নারিকেল বীজ সুপরিপক্ব হতে হবে এবং খোসার রং উজ্জ্বল ও মসৃণ হতে হবে।
 - v) প্রতিটি নারিকেলের সাথে বৃতি (Calyx) সংযুক্ত অবস্থায় থাকতে হবে।
 - vi) নারিকেল দেখেই যেন বুঝা যায় যে তা গজাবে।
 - vii) উৎপাদিত নারিকেলের চারার রং সবুজ ও চারা খাড়া হতে হবে।
 - viii) মানসম্পন্ন বিক্রয়যোগ্য চারা উৎপাদনের হার ন্যূনতম ৭৫% হতে হবে।
 - ix) কমিটি কর্তৃক পরীক্ষা করে কোন রকম অপরিপক্ব নারিকেল ক্রয়ের বিষয় ধরা পড়লে সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানের নিকট থেকে উক্ত নারিকেলের মূল্য আদায় করা হবে।
 - x) মাঠে প্রত্যেকটি নারিকেলের চারার স্বাভাবিক বৃদ্ধি নিশ্চিত করতে হবে। কোন চারার অস্বাভাবিক বৃদ্ধি পরিলক্ষিত হলে কেন্দ্র প্রধানের নিকট থেকে তার মূল্য আদায় করা হবে।

ঘ) নির্ধারিত ক্রয়মূল্যে নিম্নে বর্ণিত কমিটির তদারকি ও নারিকেল বীজের মান সম্পর্কে প্রত্যয়নের ভিত্তিতে নারিকেল বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষক/উৎপাদনকারীদের নিকট হতে ক্রয় করা যাবে।

কমিটির সদস্যবৃন্দ নিম্নরূপ :

i) যুগ্ম-পরিচালক(বীজবিপণন/সারব্যবস্থাপনা/কঃ খোঃ)	-	সভাপতি
ii) উপ-পরিচালক (বীজ বিপণন)	-	সদস্য
iii) বিএডিসি'র সেচ উইং এর স্থানীয় পর্যায়ের একজন কর্মকর্তা (সহকারী প্রকৌশলী এর নীচে নয়)	-	সদস্য
iv) সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	-	সদস্য
v) সংশ্লিষ্ট যুগ্ম/উপ-পরিচালক (উদ্যান/এএসসি)	-	সদস্য সচিব

২। তাছাড়া উদ্যান উন্নয়ন প্রকল্পের আওতাধীন ৯ টি উদ্যান উন্নয়ন কেন্দ্রে চলতি ২০১২-১৩ বর্ষে নারিকেল বীজ ক্রয়ের সংখ্যা নিম্নে বর্ণিতভাবে নির্ধারণ করা হলো :


ক্রমিক নং	কেন্দ্রের নাম	নারিকেল বীজ ক্রয়ের অনুমোদিত সংখ্যা	বীজ ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ (টাকা)
১	২	৩	৫
১	উদ্যান উন্নয়ন কেন্দ্র, কাশিমপুর	৪৫,০০০	১০,৩৫,০০০.০০
২	উদ্যান উন্নয়ন কেন্দ্র, রাজশাহী	১০,০০০	২,৩০,০০০.০০
৩	উদ্যান উন্নয়ন কেন্দ্র, যশোর	২৫,০০০	৫,৭৫,০০০.০০
৪	উদ্যান উন্নয়ন কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম	৫৫,০০০	১২,৬৫,০০০.০০
৫	উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুমিল্লা	৩২,০০০	৭,৩৬,০০০.০০
৬	উদ্যান উন্নয়ন কেন্দ্র, টাঙ্গাইল	২৭,০০০	৬,২১,০০০.০০
৭	উদ্যান উন্নয়ন কেন্দ্র, মুন্সীগাছা	১৫,০০০	৩,৪৫,০০০.০০
৮	উদ্যান উন্নয়ন কেন্দ্র, বগুড়া	২৫,০০০	৫,৭৫,০০০.০০
৯	উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুষ্টিয়া	১৬,০০০	৩,৬৮,০০০.০০
	মোট	২,৫০,০০০	৫৭,৫০,০০০.০০

৩। ব্যবস্থাপক (উদ্যান)/উপ-ব্যবস্থাপক (উদ্যান) বীজ সংগ্রহ কার্যক্রমের ডিজিটাল অফিসার হিসাবে বীজ সংগ্রহের স্থান, সময় ও পরিমাণ ইত্যাদি মনিটর করবেন।

৪। নারিকেল বীজ সংগ্রহ শেষে ৩০-০৯-২০১২ তারিখের মধ্যে অবশ্যই বীজ বপনের কাজ সম্পন্ন করতে হবে। বপনের প্রতিবেদন নিম্নোক্ত “ছক” মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করবেন।

নারিকেল বীজ ক্রয় ও বপন প্রতিবেদন :

বীজ সংগ্রহের লক্ষ্যমাত্রা (সংখ্যা)	উৎপাদন কারীদের নাম ও ঠিকানা	ক্রয়কৃত নারিকেল বীজের সংখ্যা	প্রতিটি নারিকেল বীজের ক্রয়মূল্য	পরিশোধিত টাকার পরিমাণ	বীজ বপনের তারিখ
১	২	৩	৪	৫	৬


 (মোঃ আমিনুল ইসলাম)
 পরিচিতি নং- ০২০০২১
 মহাব্যবস্থাপক (উদ্যান)
 বিএডিসি, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।
- ২। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।